আজ চুয়াডাঙ্গা জেলা পরিষদের ৮◌ং ওয়ার্ডের উপ-নির্বাচন

আজ চুয়াডাঙ্গা জেলা পরিষদের ৮নং ওয়ার্ডের উপ-নির্বাচন। নির্বাচন উপলক্ষে ইতোমধ্যে সকল প্রস্তুতি শেষ হয়েছে। কঠোর নিরাপত্তার মাধ্যমে উপ-নির্বাচন অনুষ্ঠিত হবে। এ নির্বাচনে ৪ জন প্রার্থী নির্বাচনে অংশ নেয়।

৮নং ওয়ার্ডে ভাংবাড়িয়া, হারদি ও কুমারী ইউনিয়নের আওতাভুক্ত। এ ওয়ার্ড নির্বাচনে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান ও মেম্বরেরা ভোটার।

আজ উপ-নির্বাচন সকাল ৯টা থেকে দুপুর ২টা পর্যন্ত অনুষ্ঠিত হবে।

নির্বাচনে ভোটার সংখ্যা ৩৯ জন। জেলা পরিষদের উপ-নির্বাচনে ৪জন প্রতিদ্বন্দিতা করছেন। এরা হলো-কুমারী ইউনিয়নের সাধারণ সম্পাদক আব্দুর রাজ্জাক, কৃষকলীগ নেতা আশাদুল ইসলাম, সাবেক ছাত্রলীগ নেতা মিজানুর রহমান মিজান ও হারদী গ্রামের তাজনুর হাসান।

আলমডাঙ্গায় হাসান কাদির’র গণসংযোগ

প্রতিদিনের ন্যায় আসন্ন আলমডাঙ্গা পৌর নির্বাচনে পথসভা ও গণসংযোগ করেন উপজেলা আওয়ামী লীগের সভাপতি ও পৌর মেয়র হাসান কাদির গনু। গতকাল বুধবার সন্ধ্যা ৭টার দিকে পৌর এলাকার কাঁচা বাজার প্রাঙ্গণে এ পথসভা ও নির্বাচনী গণসংযোগ করেন।

নির্বাচনী গণসংযোগে হাসান কাদির গনু বলেন,‘ এ্ই মাসের মধ্যেই শুরু হচ্ছে রাস্তা, ড্রেন ও পানি সাপ্লাইয়ের কাজ। একই সাথে আলমডাঙ্গা পৌর এলাকার ২৯টি রাস্তার কাজ শুরু হবে। রাস্তা গুলো নির্মাণ করা হলে কারোর আর অভিযোগ করার সুযোগ থাকবে না। এই রাস্তা গুলো অনেক আগে হবার কথা থাকলেও করোনার কারণে পিছিয়ে মানুষের দুর্ভোগের কারণ হয়ে দাঁড়িয়েছে।

নির্বাচনী গণসংযোগে আনসার আলীর সভাপতিত্বে প্রধান অতিথি ছিলেন উপজেলা আওয়ামী লীগের সভাপতি ও পৌর মেয়র হাসান কাদির গনু, এছাড়াও উপস্থিত ছিলেন আলমডাঙ্গা কাঁচামাল ব্যবসায়ী সমিতির সভাপতি ইমরুল কায়েস, জেলা আওয়ামী লীগের সহ-সভাপতি প্রশান্ত অধিকারী, মাজেদ ভুঁইয়া, মুদি ব্যবসায়ী সমিতির সাধারণ সম্পাদক আলাউদ্দিন মিয়া, ওলিউল্লাহ খাঁন, খেদ আলী মেম্বার, ব্যবসায়ী রানা, বাবলু, আজাদ, বাদশা, মনিরুল, মিজান, সামসুল প্রমুখ।

আলমডাঙ্গায় ২৭টি অবৈধ স’মিল!

আলমডাঙ্গায় প্রতিযোগিতা মূলক ভাবে গড়ে উঠেছে ২৭টি অবৈধ স’মিল। আর এসব স’মিল গুলো গিলে খাচ্ছে সামাজিক বনায়নের গাছ। আলমডাঙ্গা অবৈধ স’মিলের শহরে পরিণত হলেও বনবিভাগ রয়েছে এখনও ঘুমিয়ে, এমন অভিযোগ সচেতন মহলের।

দায়িত্বশীল সূত্রে প্রকাশ, সরকারী নির্দেশকে অমান্য করে কোন প্রকার অনুমতি না নিয়েই পৌর এলাকায় ১১টি ও উপজেলার হারদি, জামজামি, জেহালা, ঘোলদাড়ি, ভাংবাড়িয়া, হারদিসহ ইউনিয়নের বিভিন্ন এলাকায় গড়ে উঠেছে আরো অবৈধ ১৬টির মত স’মিল। বনবিভাগকে ম্যানেজ করে সংঘবদ্ধ পাচারকারীরা এসব অবৈধ স’মিলে হাজার হাজার ঘনফুট গাছ চেরাই করে যাচ্ছে। ফলে সামাজিক বনায়নের অস্তিত সংকটের পাশা-পাশি পরিবেশ বিপর্যয়ের আশঙ্ককার কথা জানিয়েছেন নাগরিক সমাজ।

সরজমিন পরিদর্শনে দেখা যায়, আলমডাঙ্গা উপজেলায় প্রতিদিন কোথাও না কোথাও নতুন নতুন স’মিল স্থাপিত হচ্ছে। বলতে গেলে আলমডাঙ্গায় গড়ে প্রতিটি ইউনিয়নে ২টি অবৈধ স’মিল বসানো হয়েছে। যার একটিরও বৈধ কাগজ পত্র কিংবা লাইসেন্স নেই। সম্পূর্ণ অবৈধ ভাবে ক্ষমতাসীন দলের স্থানীয় নেতাদের ছত্রছায়ায় এসব অবৈধ স’মিল গড়ে উঠেছে।

অভিযোগে প্রকাশ, আলমডাঙ্গায় বনবিভাগের জনবল সংকট থাকায় জেলা বনবিভাগের কর্মকর্তাদের মাধ্যমে স’মিল গুলোর লাইসেন্স প্রদান করা হয়। তবে, আলমডাঙ্গায় কোন কর্মকর্তা না থাকার কারণে সহজেই স’মিল নির্মাণ করছে।

সূত্রে আরো জানাযায়-কতিপয় বনবিভাগের কিছু দুর্নীতিবাজ কর্মকর্তাদেরকে মাসিক ও সাপ্তাহিক মাসোহারা বা মোটা অংকের টাকার বিনিময়ে ম্যানেজ করে অবৈধ স’মিল গুলো বসানো হয়েছে। ফলে দীর্ঘদিন ধরে বন বিভাগ ও উপজেলা প্রশাসন রহস্যজনক ভাবে স’মিল উচ্ছেদ অভিযান পরিচালনা করছে না এমন অভিযোগ সচেতন নাগরিক সমাজের।

এ ব্যাপারে জানতে চাইলে, আলমডাঙ্গা রেঞ্জ কর্মকর্তা বলেন, অবৈধ স’মিল উচ্ছেদ অভিযান পরিচালনা করতে উপজেলা আইনশৃঙ্খখলা কমিটির সভায় একাধিকবার উত্থাপন করা হয়েছে।

এলাকাবাসীর প্রশ্ন কোন অদৃশ্য কিংবা কালো হাতের ইশারায় আলমডাঙ্গায় ব্যাঙের ছাতার মত গড়ে উঠা অবৈধ স’মিল উচ্ছেদ অভিযান পরিচালনা করতে বাঁধা হয়ে দাঁড়িয়েছে। নাকি প্রশাসন মোটা অংকের বিনিময়ে ম্যানেজ হয়ে রহস্যজনক ভূমিকায় স’মিল উচ্ছেদ করছে না।

জীবননগরে বেগম রোকেয়া দিবসে ৫ জয়িতাকে সংবর্ধনা

জীবননগরে আন্তজার্তিক নারী নির্যাতন প্রতিরোধ উদযাপন উপলক্ষ্যে মানববন্ধন ও জয়িতার সংবর্ধনা প্রদান করা হয়েছে। গতকাল বুধবার সকাল সাড়ে ১০টার সময় জীবননগর উপজেলা প্রশাসন ও উপজেলা মহিলা বিষায়ক কর্মকর্তার আয়োজনে মানববন্ধন ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

জীবননগর উপজেলা নির্বাহী অফিসার এস এম মুনিম লিংকনের সভাপতিত্বে উপজেলা পরিষদের হলরুমে আন্তজার্তিক নারী নির্যাতন প্রতিরোধ উদযাপন উপলক্ষে একটি আলোচনা সভা শেষে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে উপজেলার ৫জন জয়িতাদের মাঝে সংবর্ধনা স্বরুপ ক্রেস্ট প্রদান করেন জীবননগর উপজেলা পরিষদের চেয়ারম্যান হাজী হাফিজুর রহমান হাফিজ ।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জীবননগর উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান আব্দুস সালাম ঈশা, মহিলা ভাইস চেয়ারম্যান আয়েসা

সুলতানা লাকী।

উপজেলার ৫জন জয়িতারা হলেন মনোহরপুর গ্রামের সফল জননী মুসলিমা বেগন, নির্যাতনের বিভীষিকা মুছে নতুন উদ্যোমে জীবন শুরু করেছেন কাটাপোল গ্রামের রুবিনা খাতুন, সামাজিক উন্নয়নে বিশেষ অবদান রাখায় সন্তোষপুর গ্রামের মরিয়ম খাতুন, অর্থনৈতিক ভাবে সাফল্য অর্জনকারী সেনেরহুদা গ্রামের জয়নব বেগম এবং শিক্ষা ও চাকুরী ক্ষেত্রে সফলতা অর্জনকারী মনোহরপুর গ্রামের কাজল রেখাকে জয়িতা ঘোষনা করা হয়।

উক্ত অনুষ্ঠানটি সার্বিক পরিচালনা করেন জীবননগর উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সেলিম রেজা।

আলমডাঙ্গায় মাস্ক ব্যবহার না করায় ৮ জনকে জরিমানা

আলমডাঙ্গার জামজামি বাজারে মাস্ক ব্যবহার না করায় ৮জনকে ভ্রাম্যমাণ আদালতে জরিমানা করেছে।

গতকাল মঙ্গলবার বিকাল ৪ টার দিকে উপজেলা নির্বাহী অফিসার লিটন আলী এ আদালত পরিচালনা করেন।

জানাগেছে, সারাদেশে করোনার দ্বিতীয় ধাপ অতিক্রম করছে। এরই কারণে জেলার আলমডাঙ্গা উপজেলায় করোনার আক্রান্তের সংখ্যা বাড়ছে। সরকারি নির্দেশ মোতাবেক করোনাকালীন মাস্ক পরিধান বাধ্যতা মূলক।

কিন্তু অনেকে সরকারি নির্দেশ পালন না করে খোলা মুখে বাজারে ঘোরাঘুরি করছে। মাস্ক পরিহিত না থাকার কারণে উপজেলা নির্বাহী অফিসার লিটন আলী সঙ্গীয় জামজামি ফাঁড়ি পুলিশের সহযোগিতায় ৮ জনকে ২ হাজার টাকা জরিমানা করেন।

[redacted]

[redacted]

জীবননগরে মাস্ক পরিধান না করায় ৪জনের জরিমানা

জীবননগরে স্বাস্থ্যবিধি না মানা ও মাস্ক পরিধান না করার অপরাধে ভ্রাম্যমাণ আদালতে ৪ জনকে জরিমানা প্রদান করেছে।

মঙ্গলবার দুপুর দুইটার সময় জীবননগর থানা পুলিশের সহযোগিতায় জীবননগর উপজেলা নির্বাহি অফিসার ও নির্বাহী ম্যাজিস্ট্রেট এসএম মুনিম লিংকন জীবননগর উপজেলার হাসাদাহ বাজারে এ ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করেন।

এসময় স্বাস্থ্য বিধি না মেনে বাজারে আসার অপরাধে এবং মাস্ক পরিধান না করার অপরাধে চারজনকে ১ হাজার ৩ শত টাকা জরিমানা প্রদান করে এবং সাধারণ জনগণের মধ্যে বিনামূল্যে মাস্ক বিতরণ করেন।

একই সাথে তিনি বাজারের সকলকে সতর্ক করা সহ স্বাস্থ্যবিধি মানার জন্য সবাইকে নির্দেশ প্রদান করেন পাশাপাশি যদি কেউ এ আদেশ অমান্য করেন তাহলে তাদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেওয়া হবে বলে জানান।

দর্শনা কেরু চিনিকলের শ্রমিক-কর্মচারী ও আখ চাষীরা দ্বিতীয় দিনের মত কর্মবিরতি

চুয়াডাঙ্গা জেলার দর্শনা কেরুজ শ্রমিক ও কর্মচারী এবং আঁখ চাষীদের দ্বিতীয় দিনেও কর্ম বিরতি ও সমাবেশ অব্যহত রেখেছেন।

আজ বুধবার শ্রমিকরা তাদের ৫দফা দাবী সর্ম্পকে মাননীয় প্রধান মন্ত্রী শেখ হাসিনা কে অবহিত করতে চুয়াডাঙ্গা জেলা প্রশাসক ও

অনুষ্ঠান পরিচালনা করেন কেরু শ্রমিক ও কর্মচারী ইউনিয়নের সহ-সভাপতি মোস্তাফিজুর রহমান।

হাসাদাহে এল.জি.এস.পি’র ফ্লাটসলিং কাজের উদ্বোধন

চুয়াডাঙ্গা জেলার জীবননগর উপজেলা ৫নং হাসাদাহ ইউনিয়নের ৬নং ওয়ার্ডে শ্রী-নিতাই চন্দ্র সেনের বাড়ি হইতে কালিমন্দির পযর্ন্ত নতুন ফ্লাটসলিং কাজের রাস্তার কাজের উদ্বোধন করা হয়েছে।

২০১৯-২০ অর্র্থ বছরের এল.জি.এস.পি’র বরাদ্ধ কৃত ৮৩ হাজার টাকা ব্যয়ে ১৯০ ফিট রাস্তা নির্মান করা হবে।

এ সময় উপস্থিত ছিলেন অত্র ইউনিয়নের ৬নং ওয়ার্ড সদস্য কবির আহম্মেদ ৮নং ইউপি আব্দুল মোতালেব সহ আরো উপস্থিত ছিলেন স্থানীয় সুধী জন।

এই রাস্তাটি নির্মানে এলাকার সকলের চলাচলের অনেক উপকার হবে বলে সন্তষ প্রকাশ করেন এর জন্য স্থানীয় হাসাদাহ ইউপি চেয়ারম্যান সহ ইউপি সদস্য কবির আহাম্মেদকে আন্তরিক ভাবে ধন্যবাদ জানান।

দামুড়হুদায় ৪২তম জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি সপ্তাহ সম্পন্ন

দামুড়হুদায় ৪২তম জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি সপ্তাহ উপলক্ষে বিজ্ঞান মেলা সম্পন্ন হয়েছে। সোমবার বেলা ১১টার দিকে দামুড়হুদা উপজেলা পরিষদ অডিটরিয়মে মেলাটি সম্পন্ন হয়।